জীবননগরের তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

জীবননগরে তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে।মঙ্গলবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা চত্বরে এ কৃষি মেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাষ চন্দ্র সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তিন দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক,সীমান্ত ইউপি চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন,বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী কৃষির জন্য,কৃষকের জন্য সব সময় কাজ করে যাচ্ছেন ।কৃষক যাতে চাষাবাদ করতে যেয়ে বিপাকে না পড়েন সে জন্য প্রতি বছরে ভতুকি দিয়ে যাচ্ছেন । এক আধুনিক যুগ কৃষিতেও এখন আধুনিকের ছোয়া লেগেছে প্রতি বছর জীবননগর উপজেলায় নতুন নতুন চাষ হচ্ছে ।বর্তমান এ উপজেলাতে ড্রাগন,স্ট্রোবেরি,মাল্টা,আনার ফলসহ যে সব নতুন ফলের চাষ হচ্ছে এ ধরনের চাষ বাংলাদেশের কোথাও হবে এমনটা কেউ কখনও ভাবতে পারিনি কিন্তু বর্তমান আধুনিক যুগ হওয়ার ফলে নতুন নতুন চাষ হচ্ছে এবং কৃষিতে উন্নত হচ্ছে।কৃষিতে উন্নয়নের জন্য যা যা দরকার সব ধরনের কাজ করা হবে।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার মোছাঃ শারমিন আক্তার।

[redacted]

[redacted]